

## এসএসসির ৩ ও ৪ মার্চের পরীক্ষা আজ ও কাল

### ■ ইত্তেফাক রিপোর্ট

স্থগিত হওয়া গত ৩ মার্চের এসএসসি ও সমমানের পরীক্ষা আজ শুক্রবার সকাল ৯টা থেকে অনুষ্ঠিত হবে। এছাড়া ৪ মার্চের স্থগিতকৃত এসএসসি ও সমমানের পরীক্ষা আগামীকাল শনিবার সকাল ১০টা থেকে অনুষ্ঠিত হবে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আজ শুক্রবার এসএসসির জীববিজ্ঞান (তত্ত্বীয়) ও অর্থনীতি বিষয়ের পরীক্ষা এবং দাখিলের ইসলামের ইতিহাস ও জীববিজ্ঞান (তত্ত্বীয়) বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৪ মার্চ তারিখের স্থগিতকৃত এসএসসি ও সমমানের পরীক্ষা ২১ মার্চ শনিবার সকাল ১০টা থেকে ১টা এবং বিকাল ২টা থেকে ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। এসএসসির সকালের পরীক্ষার বিষয়গুলো হচ্ছে বাংলা ভাষা ও সাহিত্য এবং ইংরেজী ভাষা ও সাহিত্য, গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়), গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়), কৃষি শিক্ষা (তত্ত্বীয়) এবং সঙ্গীত (তত্ত্বীয়)।

এসএসসির বিকালের বিষয়সমূহ হলো আরবি, সংস্কৃত, পালি, কর্মসূচী শিক্ষা (তত্ত্বীয়), পৃষ্ঠা ২ কলাম ৬

## এসএসসির ৩

২০ পৃষ্ঠার পর  
কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়), শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়), বেসিক ড্রইং (তত্ত্বীয়) এবং চারু ও কারুকলা (তত্ত্বীয়)।

এছাড়া একই দিন সকালে দাখিলের পৌরনীতি, মানতিক, কৃষি শিক্ষা (তত্ত্বীয়), গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়), উর্দু, ফার্সি, কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়) বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। অন্যদিকে ৮, ১০ ও ১১ মার্চের স্থগিত পরীক্ষাগুলোর সময়সূচি পরে জানানো হবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।